# আপনার সন্তানের স্কুল সম্পর্কে জিজ্ঞেস করার জন্য প্রশ্নাবলী

## এদেশে নতুন এসেছেন কিংবা ইংরেজি ছাড়া অন্য কোনো ভাষায় কথা বলেন কি?

স্বাগতম! আপনি কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে (একটি স্কুল খুঁজে পেতে) কিংবা আপনার সন্তানের নতুন স্কুলে (এনরোল করতে), যে কারণেই এসে থাকেন, **নির্দিষ্ট কোনো স্কুল আপনার সন্তানের জন্য মানানসই হবে কিনা, তা জানার জন্য এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন।**

### শুরুকরণ

- আপনার ভাষায় সহায়তা লাভ করুন: "অনুগ্রহ করে আমি কি একজন দোভাষীর সহায়তা পেতে পারি? আমি বাংলা ভাষায় কথা বলি।"
- যদি আপনার একটি স্কুল খোঁজায় সহায়তা প্রয়োজন হয়, তাহলে বলুন:
    - "আমি আমার সন্তানের জন্য একটি স্কুল খুঁজতে চাই, যার বয়স (সংখ্যা) বছর।"
    - "আমার সন্তানের জন্য আমার এখন একটি স্কুল প্রয়োজন—কীভাবে এনরোল করবো?" **অথবা** "এই ফল-এ (হেমন্তে) বা আগামী ফল-এ আমার সন্তান 3-K, প্রি-K, কিন্ডারগার্টেন, মিডল্ স্কুল (গ্রেড 6), অথবা হাই স্কুল (গ্রেড 9) শুরু করবে—আমি কীভাবে আবেদন করবো?"

### ভাষাগত সহায়তা

- এদেশে নতুন এসেছে এবং ইংরেজি ভাষা শিখছে, এমন শিক্ষার্থীদের জন্য কী কী পরিষেবা অফার করা হয়?
- এই স্কুলটি কি ডুয়াল ল্যাঙ্গুয়েজ (দ্বিভাষীক) প্রোগ্রামের মত তাদের বাড়ির ভাষা শেখা অব্যাহত রাখার প্রোগ্রামসমূহ অফার করে? স্কুলে অন্যান্য শিক্ষার্থী/স্টাফ আমার/আমাদের ভাষায় কথা বলে কি?
- আমার সন্তানকে এখানে এনরোল করার আগে কোনো পরীক্ষা অথবা অন্য কোনও মূল্যায়ন সম্পন্ন করতে হবে কি?
- এই স্কুলটিতে কোনো দ্বিভাষী স্টাফ আছেন কি যিনি শিক্ষার্থীদের মিডল্ কিংবা হাই স্কুলে আবেদন করা কিংবা কলেজে যাওয়া বা হাই স্কুল পরবর্তী পরিকল্পনায় সহায়তা দিতে পারেন ("স্কুল কাউন্সেলর" বলা হয়)?

### স্কুলের তথ্য

- আমার বাড়ি থেকে এই স্কুল কত দূরে? আমার সন্তান স্কুল বাসে স্কুলে যেতে পারবে কি?
- এই স্কুলে সামার (গ্রীষ্মের) প্রোগ্রামসমূহ আছে কি? যদি থাকে, তাহলে প্রোগ্রামগুলো কী অফার দেয় এবং সেটার সময়সূচি কী?
- স্কুল দিবসের পরে বাড়তি শিক্ষাগত প্রোগ্রাম অফার করা হয় কি? যদি দেয়া হয়, তবে সময়সূচি কী এবং খরচ কত?
- কতজন শিক্ষার্থী এই স্কুলে পড়াশোনা করছে? এই স্কুল ভবনের অভ্যন্তরে অন্য কোনো স্কুল আছে কি? এই স্কুলের শিক্ষার্থীরা অপর স্কুলের শিক্ষার্থীদের সাথে মেলামেশা করে কি?
- কোন্ বেলার খাবার এই স্কুলে অফার করা হয়? ইউনিফর্ম কি সুপারিশকৃত অথবা বাধ্যতামূলক?
- এই স্কুল ইন্টার্নশিপ খোঁজা, কাজে নিয়োগদান, অথবা অন্য কোনো কার্য অভিজ্ঞতা লাভে সহায়তা করে কি?
- এই স্কুলে উচ্চতর (এডভান্সড) ক্লাসসমূহ আছে কি? এই স্কুল স্পোর্টস্, মিউজিক, এবং/অথবা অন্যান্য পাঠ্যক্রম বহির্ভূত কর্মকাণ্ড অফার করে কি?

### স্বাস্থ্য ও সহায়তা

- ভ্যাকসিন/ইমিউনাইজেশন (টিকা) নিতে আমি কোথায় যাবো? আমার যদি কোনো হেলথ ইনস্যুরেন্স না থাকে, তবুও কি আপনি সেসব স্থানের একটি তালিকা দিতে পারেন?
- এই স্কুল দ্বিভাষীক স্টাফদের ("সোশ্যাল ওয়ার্কার" বলা হয়) মাধ্যমে আমার সন্তানের মানসিক ও সামাজিক-আবেগজনিত স্বাস্থ্যে সহায়তা অফার করে কি?
- এই স্কুল কোন্ ধরনের পারিবারিক সহায়তা পরিষেবা অফার করে?
- এই স্কুল আচরণগত সমস্যাগ্রস্ত শিক্ষার্থীদের কীভাবে সহায়তা দেয়?

### কীভাবে যোগাযোগ করা ও সংশ্লিষ্ট থাকা যায়

- আমি যদি ইংরেজিতে কথা না বলি, তাহলে এই স্কুলের সাথে যোগাযোগ করার সেরা উপায় কোনটি?
- চিনে রাখা উচিৎ, স্কুলটির এমন গুরুত্বপূর্ণ ব্যক্তি কারা? প্যারেন্ট কোঅর্ডিনেটর কে?
- কীভাবে পিতামাতা/অভিভাবকগণ এই স্কুলের সাথে সংশ্লিষ্ট হতে পারেন?
- আমার সন্তান স্কুলে কেমন করছে, সে তথ্য আমি কীভাবে জানতে পাবো?

# শিক্ষার্থী ও পরিবারের চাহিদা পূরণ

## প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য

NYC-র সকল স্কুল যেসব শিক্ষার্থীর ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) রয়েছে তাদের স্বাগত জানায় এবং পরিষেবা প্রদান করে।

- আমার সন্তানের একটি প্রতিবন্ধিত্ব রয়েছে। সে সঠিক সহায়তা ও পরিষেবা লাভ করবে, আমি কীভাবে তা নিশ্চিত করতে পারি?
- আমার বিশেষ সহায়তা আবশ্যক সন্তানের পরিষেবা ও প্রোগ্রামের অনুরোধ জানাবার পদক্ষেপসমূহ কী কী?
- স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য মূল্যায়িত হবার প্রক্রিয়াটি কী? এটা কত দিনের মাঝে হবে বলে আমি প্রত্যাশা করতে পারি?
- কখন আমার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিস পাওয়া শুরু করবে?
- আমার সন্তানের সর্বশেষ স্কুল থেকে প্রাপ্ত একটি IEP রয়েছে। আমরা যখন নতুন পরীক্ষার জন্য অপেক্ষা করবো, তখন আপনারা কী অনুরূপ পরিষেবা প্রদান করবেন?
- আমার সন্তান আগে অ্যাসিস্টিভ টেকনোলোজি (সহায়ক প্রযুক্তি) ব্যবহার করেছে, আমরা এখানে সে ব্যবস্থা আবার কীভাবে করতে পারি?

## চলাচলে সহায়তার চাহিদা-যুক্ত শিক্ষার্থীর জন্য

- এই স্কুল প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়েদের জন্য অভিগম্য কিনা, আমি কীভাবে তা জানতে পারবো?

## অস্থায়ী আবাসনের শিক্ষার্থীদের জন্য

আপনি যদি শেল্টার বা পরিবারের নিকটজন ব্যতীত অন্য কারো সাথে ভাগাভাগি করে থাকাসহ কোনো অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাস করেন, তাহলে মেট্রোকার্ড-এর মতো সুবিধা লাভের জন্য যোগ্য হবেন। আপনার বিদ্যমান পরিস্থিতিতে কোন্ সুবিধাগুলো প্রযোজ্য, তা ফ্যামিলি ওয়েলকাম সেন্টার অথবা আপনার স্কুল তা ব্যাখ্যা করতে পারবে।

- যদি আমি অন্য কোনও পরিবার অথবা অন্য কারও সাথে বসবাস করি আমি কীভাবে স্কুলে এনরোল করতে পারবো ? কোন সুবিধা বা সুরক্ষা আমরা পেতে পারি?
- যদি আমরা নেইবারহুড ছেড়ে অন্যত্র চলে যাই অথবা আমাদের স্থায়ী ঠিকানা না থাকে, তাহলে কী হবে?
- যদি আমার পরিবার ও আমার থাকার কোনো স্থান না থাকে, তাহলে আমি কোথায় সহায়তা পাবো?

## আর্লি এডুকেশন (শৈশবকালীন শিক্ষা) প্রোগ্রাম এবং চাইল্ড কেয়ার (শিশুসেবা)

- এই স্কুলে প্রি-K অথবা 3-K প্রোগ্রাম আছে কি? আমি কি বিনামূল্যের বা হ্রাসকৃত মূল্যের বছর-ব্যাপী দীর্ঘায়িত দিন ও বছরের কিংবা হেড স্টার্ট আসনের প্রি-K বা 3-K প্রোগ্রামে এনরোল বা আবেদন করার যোগ্য?
- এই প্রোগ্রামটি শিশুদের (বয়স 0-2) চাইল্ড কেয়ার এবং/অথবা শিক্ষামূলক প্রোগ্রামসমূহ অফার করে কি, এবং আমি কি বিনামূল্যে বা হ্রাসকৃত-মূল্যে বছরব্যাপী চাইল্ড কেয়ারের জন্য এনরোল বা আবেদন করার যোগ্য?

## অধিক বয়স (14-21 বছর) ও স্বল্প ক্রেডিটযুক্ত শিক্ষার্থীদের জন্য

- এই স্কুলে শিক্ষার্থীদের ডিপ্লোমা ও গ্র্যাজুয়েশনের জন্য কী কী বেছে নেয়ার সুযোগ রয়েছে?
- এই স্কুল বিকালে ও সন্ধ্যায় ক্লাস অফার করে কি? যদি করে থাকে, তাহলে সেগুলো কি দিনের ক্লাসগুলোর অনুরূপ? যদি শিক্ষার্থীরা রাতের ক্লাসে যোগদান করে, তারা কি নিয়মিত হাই স্কুল ডিপ্লোমা অর্জন করতে পারে?
- এই স্কুল গ্রেড পর্যায়ের শিক্ষার্থীদের চাইতে অধিক বয়স্ক শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে কি? আপনি আমাকে ট্র্যান্সফার স্কুল (বদলী স্কুল) এবং সেগুলো কীভাবে আমার সন্তানকে সহায়তা দিতে পারে, সে ব্যাপারে তথ্য দিতে পারেন কি?
- এই স্কুলে কোনো ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন (CTE) প্রোগ্রাম আছে কি? যদি আমার চাকুরী খোঁজার প্রয়োজন হয়,  তাহলে এই স্কুল কীভাবে আমাকে সহায়তা করতে পারে?

## ভিন্ন একটি স্কুলের প্রয়োজন?

যদি আপনি এনরোল না করে থাকেন এবং অন্য কোনও স্কুল খুঁজতে আগ্রহী হন, তবে অনুগ্রহ করে আপনার বিকল্পসমূহ নিয়ে ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের স্টাফের সাথে কথা বলুন: স্কুল বেছে নেওয়ার আমার অন্য কী সুযোগ রয়েছে? আমার এমন একটি স্কুলের প্রয়োজন, যেটা (আপনার কাছে যে বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ সেটা শেয়ার করুন)।

T&I 34070 (Bangla)